

একই স্মারক ও তারিখের বিকল্প প্রতিলিপি  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০৪৭.১৮-১২৩

তারিখঃ ৩০/০১/২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ মুন্সীগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউটে কর্মরত হিসাব রক্ষক জনাব মোহাম্মদ আলী এর বিরুদ্ধে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮” এর আওতায় বিভাগীয় মামলা।

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব মোহাম্মদ আলী, হিসাব রক্ষক, মুন্সীগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট, মুন্সীগঞ্জ বদলীতে গত ০৪/০৯/২০১৮ খ্রিঃ তারিখে উক্ত প্রতিষ্ঠানে যোগদান করেন। যোগদানের পরে দায়িত্ব হস্তান্তরের জন্য গত ০৫/০৯/২০১৮ খ্রিঃ তারিখ হতে ১৩/০৯/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত নৈমিত্তিক ছুটি নিয়ে পূর্বতন কর্মস্থল কক্সবাজার পলিটেকনিক ইনস্টিটিউট এ ফিরে যান। পুনরায় আপনি টেলিফোনের মাধ্যমে ছুটি বৃদ্ধির জন্য আবেদন করলে ভারপ্রাপ্ত অধ্যক্ষ অনুমোদন না দেয়া সত্ত্বেও কর্মস্থলে যোগদান না করায় গত ২৯/০৯/২০১৮ খ্রিঃ তারিখ আপনাকে ১ম বার কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাব কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক না হওয়ায় আপনাকে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করে কর্মস্থলে যোগদানের আদেশ দেয়া হয়। আপনি প্রতিষ্ঠানে যোগদান এবং ২য় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০৪৭.১৮-৯৯৮, তারিখ- ১৯/১২/২০১৮ খ্রিঃ মোতাবেক কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। আপনি কর্মে যোগদান না করে ০১/০১/২০১৯ খ্রিঃ তারিখে লিখিত জবাব প্রদান করেন এবং বলেন যে, যথাশীঘ্র কর্মস্থলে যোগদান করবেন কিন্তু আপনি অদ্যাবধি কর্মে যোগদান করেননি;

যেহেতু, আপনার এ ধরণের কার্যকলাপ অসদাচরণ এবং পলায়ন এর সামিল; এবং

যেহেতু, সরকারী কর্মচারী হিসাবে আপনার এহেন কার্যকলাপ “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮” এর ধারা ৩। (খ) ও ৩। (গ) বিধি অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনাকে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮” এর ধারা ৩। (খ) মোতাবেক “অসদাচরণ” এবং ৩। (গ) মোতাবেক “পলায়ন” এর দায়ে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগ সমূহের প্রেক্ষিতে আপনার বিরুদ্ধে কেন বর্ণিত বিধিমালায় আওতায় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানী চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো। এতদসঙ্গে একপ্রস্থ অভিযোগ বিবরণী আপনার জ্ঞাতার্থে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক।

স্বাক্ষরিত/-  
(রওনক মাহমুদ)  
মহাপরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর।

বর্তমান ঠিকানাঃ

জনাব মোহাম্মদ আলী  
হিসাব রক্ষক  
মুন্সীগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট, মুন্সীগঞ্জ।

স্থায়ী ঠিকানাঃ

গ্রামঃ উমখালী, ডাকঘরঃ খন্ডুলিয়া  
থানাঃ রামু, জেলাঃ কক্সবাজার।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০৪৭.১৮-১২৩(৩)


তারিখঃ ৩০/০১/২০১৯ খ্রিঃ।

অবগতির জন্য অনুলিপিঃ

১। অধ্যক্ষ, মুন্সীগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট, মুন্সীগঞ্জ।

২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো।)

৩। সংরক্ষণ নথি।

  
(নাজমুন নাহার)  
সহকারী পরিচালক-৩  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
ফোনঃ ০২-৮১৮১২২৫